

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২১৯

আগরতলা, ১ মে, ২০২৪

নড়সিংগড়স্থিত দৃষ্টিহীন বালিকা বিদ্যালয় পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাঙ্লু আজ সকালে নড়সিংগড়স্থিত দৃষ্টিহীন বালিকা বিদ্যালয় (আইইপিভিডি(ডি) গার্লস) পরিদর্শন করেন। রাজ্যপাল বিদ্যালয়ে গিয়ে পৌঁছালে শিক্ষক-শিক্ষিকা ও ছাত্রছাত্রীরা তাঁকে উষ্ণ অভিনন্দন জানান। ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে রাজ্যপাল বলেন, নিজেকে প্রতিষ্ঠিত করতে তাদের কঠোর পরিশ্রম করতে হবে। প্রতিযোগিতামূলক পরীক্ষায় বসার জন্য রাজ্যপাল ছাত্রছাত্রীদের পরামর্শ দেন। রাজ্যপাল ছাত্রছাত্রীদের জন্য সাউন্ড সিস্টেম উপহার দেন।

দৃষ্টিহীন বালিকা বিদ্যালয় পরিদর্শনের সময় রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাঙ্লু বিদ্যালয়ের কম্পিউটার ল্যাব, ক্যাম্পাস হল, শ্রেণীকক্ষ, ডাইনিং হল ঘুরে দেখেন। শ্রেণীকক্ষ পরিদর্শনের সময় রাজ্যপাল ছাত্রছাত্রীদের জন্য অডিও অনলাইন ক্লাস চালু করতে বিদ্যালয় কর্তৃপক্ষকে পরামর্শ দেন। রাজ্যপাল এদিন এই বিদ্যালয় সংলগ্ন অনাথ শিশুদের আবাসও পরিদর্শন করেন। বালিকা বিদ্যালয় ও অনাথ শিশুদের আবাস পরিদর্শনের সময় সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সচিব তাপস রায় ও দপ্তরের অধিকর্তা স্মিতা মল উপস্থিত ছিলেন। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।
